



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

web-site: [www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং-বিঅ-৬/

তারিখ :

বিষয় : নবম ও দশম শ্রেণিতে পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : ২৫-১০-২০১৫ খ্রি. তারিখের বিদ্যালয় মঞ্জুরী কমিটির ৫০তম সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলার লোহাগড়া উপজেলাধীন শিয়রবর আজিজ আশরাফ মাধ্যমিক বিদ্যালয়ের নিয়োগকৃত শিক্ষক/জনবলের (মাধ্যমিক পর্যায়ে) বেতন ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধের শর্তে ০১-০১-২০১৫ খ্রি. তারিখ হতে নবম এবং ০১-০১-২০১৬ খ্রি. তারিখ হতে দশম শ্রেণিতে ০২ (দুই) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি নিম্ন লিখিত শর্তে প্রদান করা হ'ল-

শর্তসমূহ

- ১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে
- ২। নবম/দশম শ্রেণি খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ০২ (দুই) বছরের জন্য অর্থাৎ আগামী ৩১-১২-২০১৬ খ্রি. পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
- ৩। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এবং পাঠদানের অনুমতি নবায়ন করা না হলে এ অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয়কে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত থাকতে হবে
- ৪। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর.ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
- ৫। আগামীতে পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে
- ৬। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ৭। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না
- ৮। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
- ৯। লাইব্রেরিতে বইয়ের সংখ্যা কাম্য পরিমাণে বৃদ্ধি করতে হবে; লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যার চালু করতে হবে
- ১০। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে
- ১১। বাংলা একাডেমি প্রকাশিত অভিধানসমূহ এবং মুক্তিযুদ্ধের ইতিহাসসহ আঞ্চলিক ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কিত বই পর্যাপ্ত পরিমাণে ক্রয় করতে হবে

(ড. মোঃ আইসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১- ৬৮৬৩৪

মোবাইল-০১৭৩৩-২২২০০৫

প্রধান শিক্ষক

শিয়রবর আজিজ আশরাফ মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : শিয়রবর, উপজেলা : লোহাগড়া,

জেলা : নড়াইল

স্মারক নং-বিঅ-৬/ ২০১৬(৬০)

অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। জেলা শিক্ষা অফিসার, নড়াইল
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগড়া, নড়াইল
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল
- ১০। সংরক্ষণ নথি

তারিখ : ০৩/১২/১৫

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর